



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)

১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

ফোন : ৮৮ ০২ ৮৮৭৯১৯৪, ৮৮ ০২ ৮৮৭৯১৯২

ফ্যাক্স : ৮৮ ০২ ৮৮৭৯১৯৩, ওয়েব সাইট : www.bscccl.com



মূল্য সংবেদনশীল তথ্য

১৩ই সেপ্টেম্বর ২০২১খ্রিঃ, রোজ সোমবার বিকাল ০৩:৩০ ঘটিকায় কোম্পানীর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)-এর পরিচালনা পর্ষদের ১৯১তম সভায় 'বাংলাদেশের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় SMW-6 কনসোর্টিয়ামের II&ASC কর্তৃক চূড়ান্তকৃত নির্মাণ ও রক্ষণাবেক্ষণ চুক্তি (C&MA) এর খসড়া এবং কনসোর্টিয়াম কর্তৃক নির্বাচিত ঠিকাদারের সাথে Supply Contract স্বাক্ষরের নিমিত্ত অনুমোদন প্রদান করা হয়। উক্ত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৬৯৩১৬.৭১ লক্ষ টাকার মধ্যে বাংলাদেশ সরকার ৩৯২৩৩.৬৭ লক্ষ টাকা এবং বিএসসিসিএল হতে ৩০০৮৩.০৪ লক্ষ টাকা বিনিয়োগ করা হবে।

তাছাড়া উপরোক্ত সভায় কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ১১ক এর উপধারা (ক) এর বিধান অনুসারে কোম্পানীর নামের শেষে “পাবলিক সীমিতদায় কোম্পানী” বা “PLC.” শব্দসমূহ লিখার বাধ্যবাধকতা সম্প্রতি সময়ে আরোপিত হওয়ার বিষয়টি আমলে নিয়ে উক্ত আইনের বিধান পরিপালনার্থে এবং কোম্পানীর নামের শ্রুতিমধুরতা রক্ষার্থে কোম্পানীর বর্তমান নিবন্ধিত নাম “Bangladesh Submarine Cable Company Limited”-এর স্থলে পরিবর্তনকরতঃ “Bangladesh Submarine Cables PLC”, বাংলায় কোম্পানীর নাম “বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড”-এর স্থলে “বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি” এবং কোম্পানীর পরিবর্তিত নামের সংক্ষিপ্ত রূপ হিসেবে BSCCL এর পরিবর্তে BSCPLC ব্যবহার করার বিষয়টি অনুমোদিত হয়েছে।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

তারিখ, ঢাকা

১৩ই সেপ্টেম্বর ২০২১খ্রিঃ।

(মোঃ আব্দুস সালাম খান, এফসিএস)

কোম্পানী সচিব

ফোন-০২-৮৮৭৯২৪০, মোবাইল- ০১৫৫২৩৬৯৯০৫

ই-মেইল- cs@bscccl.com